# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৭১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, আবূ বাকরাহ থেকে হাসান হাদীসটি একককভাবে বর্ণনা করেছেন, তার কথা অপনোদনকারী হাদীস

## ذِكْرُ الْخَبَرِ الْمُدْحِضِ قَوْلَ مَنْ زَعَمَ أن هَذَا الْخَبَرَ تَفَرَّدَ بِهِ الْحَسَنُ عَنْ أَبِي بكرة

---

আরবী

2871 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا مُعَاذُ بْنُ هِشَامٍ قَالَ: حَدَّثَنِي أَبِي عَنْ قَتَادَةَ عَنْ سُلَيْمَانَ الْيَشْكُرِيِّ: أَنَّهُ سَأَلَ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ عَنْ إِقْصَارِ الصَّلَاةِ فِي الْخَوْفِ أَيْنَ أُنْزِلَ وَأَيْنَ هُوَ؟ فَقَالَ: خَرَجْنَا نَتَلَقَّى عِيرًا لِقُرَيْشٍ أَتَتْ مِنَ الشَّامِ حَتَّى إِذَا كُنَّا بنخلٍ جَاءَ رَجُلٌ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ وَسَيْفُهُ مَوْضُوعٌ ـ فَقَالَ: أَنْتَ مُحَمَّدٌ؟ قَالَ: (نَعَمْ) قَالَ: أَمَا تَخَافُنِي؟ قَالَ: (لَا) قَالَ: فَمَنْ يَمْنَعُكَ مِنِّي؟ قَالَ: (اللَّهُ يَمْنَعُنِي مِنْكَ) قَالَ: فسلَّ سَيْفَهُ وتهدَّده الْقَوْمُ وَأَوْعَدُوهُ فَأَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النَّاسَ بِالرَّحِيلِ وَبِأَخْذِ السِّلَاحِ ثُمَّ نَادَى بِالصَّلَاةِ فَصَلَّتْ طَائِفَةٌ خَلْفَهُ وَطَائِفَةٌ تَحْرُسُ مُقْبِلِينَ عَلَى الْعَدُوِّ فَصَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالطَّائِفَةِ الَّتِي مَعَهُ رَكْعَتَيْنِ وَأَقْبَلَتِ الطَّائِفَةُ الْأُخْرَى فَقَامَتْ فِي مصافِّ الَّذِينَ صَلَّوْا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَحَرَسَتِ الطَّائِفَةُ الَّذِينَ صَلَّوْا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُمْ مُقْبِلُونَ عَلَى الْعَدُوِّ فَصَلَّى بِهِمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَتَيْنِ فَصَارَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَرْبَعًا وَلِأَصْحَابِهِ رَكْعَتَيْنِ.

الراوي : سُلَيْمَان الْيَشْكُرِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2871 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1164).

বাংলা

২৮৭১. সুলাইমান আল ইয়াশকুরী থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুকে ভীতিকালীন সময়ে সালাত কসর করা সম্পর্কে জিজ্ঞেস করেন, “এটি কোথায় অবতীর্ণ হয় এবং তিনি কোথায় ছিলেন?” তখন তিনি জবাবে বলেন, “আমরা কুরাইশদের একটি বানিজ্যিক কাফেলাকে ধরতে বের হই, যারা শাম থেকে আসছিল। যখন আমরা নাখল নামক জায়গায় যাই, তখন এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আসে। এসময় তিনি তরবারী রেখে দিয়েছিলেন। সেই ব্যক্তি বললো, “আপনি মুহাম্মাদ?” তিনি জবাবে বলেন, “হ্যাঁ।” সেই ব্যক্তি বলে, “আপনি কি আমাকে ভয় পান না?” তিনি জবাব দিলেন, “না।” সে বললো, “তবে আমার থেকে আপনাকে কে রক্ষা করবে?” তিনি জবাব দিলেন, “আল্লাহ আমাকে তোমার থেকে রক্ষা করবেন।”

রাবী বলেন, “তারপর সে তার তরবারী কোষমুক্ত করে। এসময় সাহাবীগণ তাকে ধমকায় এবং ভীতি প্রদর্শন করেন। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে তাকে ও তরবারীকে নিয়ে যেতে বলেন। তারপর সালাতের ঘোষনা দেন। অতঃপর একদল তাঁর পিছনে সালাত আদায় করেন আরেক দল শত্রুর মুখোমুখী হয়ে পাহারায় থাকেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর সাথের সাহাবীদের নিয়ে দুই রাকা‘আত সালাত আদায় করেন। তারপর অন্য দল আসে, তারা এসে সেই জায়গায় দাঁড়ান, যেখানে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথের সাহাবীগণ সালাত আদায় করেছেন। আর যারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে সালাত আদায় করেছেন, তারা পাহারা দেওয়ার জন্য যান। তারা শত্রুর মুখোমুখী হন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের নিয়ে দুই রাকা‘আত সালাত আদায় করেন। ফলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের চার রাকা‘আত আর তাঁর সাহাবীদের দুই রাকা‘আত সালাত হয়।”[1]

ফুটনোট

[1] তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/৩১৭; তাফসীরে তাবারী: ১০৩২৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১১৬৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সুলাইমান আল ইয়াশকুরী (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92201

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন